পঞ্চগড়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে বাবাসহ দুই ছেলে নিহত

পঞ্চগড়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে দুই ছেলেসহ তাদের বাবা নিহত হয়েছেন। শনিবার রাত ৮ টায় সদর উপজেলার হাফিজাবাদ ইউনিয়নের পানিমাছপুখরি এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন-ওই এলাকার শহিদুল ইসলাম (৬০), তার বড় ছেলে নাজিরুল ইসলাম (৩০) এবং ছোট ছেলে আসাদুল ইসলাম (১৮)। এ ঘটনায় পানিমাছপুখরি এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

স্থানীরা জানায়, সন্ধ্যার পর বাড়ির পাশে মাছ ধরতে যায় নাজিরুল ইসলাম। এ সময় পানির উপর ছিড়ে পড়া বিদ্যুতের তারে বিদ্যুতায়িত হয়ে থাকা পানির মধ্যে পা জড়িয়ে যায় নাজিরুলের। তাকে উদ্ধার করতে গিয়ে প্রথমে তার ছোটভাই আসাদুল এবং পরে তাদের বাবা শহিদুল ইসলামও একইভাবে বিদ্যুৎতায়িত হয়ে পরেন। স্থানীয়রা পল্লী বিদ্যুৎ অফিসে ফোন দিয়ে বিদ্যুৎ সংযোগ বন্ধ করে তাদের উদ্ধার করে পঞ্চগড় আধুনিক সদর হাসপাতালে নেওয়ার পথে তারা মারা যান।

ঘটনার পর জেলা প্রশাসক সাবিনা ইয়াসমিন ও পুলিশ সুপার মোহাম্মদ ইউসুফ আলী হাসপাতালে নিহতদের দেখতে যান। জেলা প্রশাসক সাবিনা ইয়াসমিন তাৎক্ষণিক নিহতের পরিবারকে ৫০ হাজার টাকার আর্থিক সহায়তা দেন।

পুলিশ সুপার মোহাম্মদ ইউসুফ আলী বলেন, মাছ ধরতে গিয়ে একে একে তারা বিদ্যুতের তারের সাথে জড়িয়ে যায় বলে প্রাথমিকভাবে জানা গেছে। নিহতদের লাশ পরিবারের সদস্যদেও হাতে হস্তান্তরের প্রক্রিয়া চলছে।